26

দৈনিক বাংলা

তারিখ 18 JUN 1997
পৃষ্ঠা ৮ কলাম ৪

# প্রধানমন্ত্রী আজ প্রাথমিক শিক্ষা পুরস্কার বিতরণ করবেন

গত ১৪ জুন থেকে সারাদেশে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ '৯৭ উদযাপিত হচ্ছে। এ সপ্তাহের শেষ দিনে আজ ১৮ জুন সকাল ১০টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে দেশের শ্রেষ্ঠ প্রাথমিক বিদ্যালয়, শ্রেষ্ঠ কর্মকর্তা, শ্রেষ্ঠ শিক্ষক ও শিক্ষিকা, শ্রেষ্ঠ স্কুল ম্যানেজিং কমিটি, শ্রেষ্ঠ বিদ্যোৎসাহী ব্যক্তি ও শ্রেষ্ঠ থানা শিক্ষা কর্মকর্তাদের মধ্যে জাতীয় পর্যায়ে পুরস্কার প্রদান করা হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসাবে পুরস্কারপ্রাপ্তদেরকে পুরস্কার প্রদান করবেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী এ এস এইচকে সাদেক এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উপমন্ত্রী অধ্যাপিকা জিনাতুন নেসা তালুকদার অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন।